# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২০০

১/ বিবিধ

আরবী

الجفاء والبغي بالشام

موضوع

رواه ابن عدي (25/1) وعنه ابن الجوزي في " العلل " (1/312) عن الفضل بن المختار عن أبان عن أنس مرفوعا. وقال: أبان بن أبي عياش بين الأمر في الضعف، وأرجوأنه ممن لا يتعمد الكذب إلا أنه يشتبه عليه ويغلط، وهو إلى الضعف أقرب منه إلى الصدق

قلت: وهو متروك وقد كذبه شعبة

والفضل بن المختار قال الذهبي غير ثقة

والحديث أورده السيوطي في " ذيل الأحاديث الموضوعة " (ص 87) من رواية ابن عدي وقال: أورده ابن الجوزي في " العلل " وقال: لا يصح، أبان متروك الحديث، والفضل بن المختار قال أبو حاتم: يحدث بالأباطيل

قلت: فهو بكتابه الموضوعات أولى

বাংলা

১২০০। কৃপণতা এবং পেশাদার বেশ্যা শাম দেশে।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি ইবনু আদী (১/২৫) এবং তার উদ্ধৃতিতে ইবনুল জাওযী “আল-ইলাল” গ্রন্থে (১/৩১২) ফাযল ইবনুল

মুখতার হতে, তিনি আবান হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আবান ইবনু আবী আইয়্যাশ সুস্পষ্ট দুর্বল বর্ণনাকারী। আশা করি তিনি ইচ্ছাকৃতভাবে মিথ্যা বলতেন না, তবে তার নিকট সন্দেহযুক্ত হয়ে যেত এবং তিনি ভুল করতেন। তিনি সত্যবাদিতার চেয়ে দুর্বলতার বেশী নিকটবর্তী।

আমি (আলবানী) বলছিঃ তিনি মাতরূক, তাকে শুবা মিথ্যুক আখ্যা দিয়েছেন। আর ফাযল ইবনুল মুখতার সম্পর্কে হাফিয যাহাবী বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন।

হাদীসটিকে সুয়ূতী "যাইলুল আহাদীসল মওযুয়াহ" গ্রন্থে (পৃঃ ৮৭) ইবনু আদীর বর্ণনায় উল্লেখ করে বলেছেনঃ হাদীসটিকে ইবনুল জাওযী “আল-ইলাল” গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ হাদীসটি সহীহ নয়। আবান মাতরূকুল হাদীস। আর ফাযল ইবনুল মুখতার সম্পর্কে আবু হাতিম বলেনঃ তিনি বহু বাতিল হাদীস বর্ণনা করেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটি তার “কিতাবুল মওযুয়াত” গ্রন্থে স্থান পাওয়ারই বেশী উপযোগী।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72079

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন